

# তথ্য শীট

## (Information Sheet)

ইলেকট্রন প্রবাহের হারকে কারেন্ট এবং যে চাপের ফলে ইলেকট্রন প্রবাহ হয় তাকে ভোল্টেজ বলে। কারেন্টের একক অ্যাম্পিয়ার এবং ভোল্টেজের একক ভোল্ট। কারেন্ট পরিমাপের ক্ষেত্রে অ্যাম্পিয়ার মিটার এবং ভোল্টেজ পরিমাপের ক্ষেত্রে ভোল্ট মিটার ব্যবহার করা হয়। অ্যাম্পিয়ার মিটারকে লোডের সাথে সিরিজে এবং ভোল্ট মিটারকে লোডের সাথে প্যারালালে সংযোগ করা হয়।




অ্যাম্পিয়ার মিটার সংযোগ চিত্র




ভোল্ট মিটার সংযোগ চিত্র

ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম (PPE) ঃ

- এপ্রোন- ১টি
- সেফটি গগলস-১টি
- মাস্ক-১টি
- হ্যান্ড গ্লাভস-১ জোড়া
- সেফটি সু-১ জোড়া।


টুলস এবং ইকুইপমেন্ট (Tools & Equipment) ঃ

- Amp. meter -১ টি
- Voltmeter -১ টি
- DC power supply unit-১টি।


মালামাল (Material's) ঃ

- বাল্ব (১০০ওয়াট) - ১ টি
- বাল্ব (১২ ভোল্ট) -১ টি
- ক্যাবল (১৪/৭৬)-৪ মিটার
- হোল্ডার -১টি।

চিত্রঃ




কারেন্ট পরিমাপ




ভোল্টেজ পরিমাপ

কাজের ধাপ সমূহ ঃ

কারেন্ট পরিমাপ-

- প্রথমে মিটারকে মিলি-অ্যাম্পিয়ার বা অ্যাম্পিয়ারে সেট করতে হবে।
- সার্কিট অনুযায়ী মিটারকে সংযোগ করতে হবে।
- এসি পরিমাপের ক্ষেত্রে মিটার এসিতে এবং ডিসি পরিমাপের ক্ষেত্রে মিটারকে ডিসিতে সেট করতে হবে।
- মিটারের পাঠ নিতে হবে।

ভোল্টেজ পরিমাপ-

- মিটারকে ভোল্টেজে সেট করতে হবে।
- সার্কিট অনুযায়ী মিটারকে সংযোগ করতে হবে।
- এসি পরিমাপের ক্ষেত্রে মিটার এসিতে এবং ডিসি পরিমাপের ক্ষেত্রে মিটারকে ডিসিতে সেট করতে হবে।
- মিটারের পাঠ নিতে হবে।

সাবধানতা ঃ

- এসি কারেন্ট বা ভোল্টেজ পরিমাপের সময় বৈদ্যুতিক শক থেকে নিজেকে সুরক্ষা করতে হবে।
    - অ্যাম্পিয়ার মিটারকে কখনই লোডের আড়াআড়ি সংযোগ করা যাবে না।